গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
কিশোরগঞ্জ।

আদেশ নং.: ৩১০(৩০)

তারিখ: ২৭/০৬/২০২৪ খ্রি.

## দপ্তরাদেশ

অত্র কার্যালয়ের ২৫/০৬/২০২৪খ্রি. তারিখে জারীকৃত নিরীক্ষা বরাদ্দ আদেশ নং-২৮৯ বাতিল করত: সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৪৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে সংযুক্ত তালিকায় উল্লিখিত সমবায় সমিতি সমূহের ২০২৩-২০২৪ খ্রি. সনের (বকেয়াসহ) বিধিবদ্ধ নিরীক্ষা সমিতির নামের পাশে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণের নামে নিম্ন-বর্ণিত শর্ত সাপেক্ষে সংশোধিত নিরীক্ষা বরাদ্দ আদেশ প্রদান করা হলো।

## শর্তাবলি

০১। নিরীক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক ইতিপূর্বে জারিকৃত এসংক্রান্ত আদেশ ও পরিপত্র (সার্কুলার) অনুসরণ পূর্বক ৩১/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই নিরীক্ষা সম্পাদন করতে হবে। যে সকল সমবায় সমিতিতে স্থাবর সম্পত্তি ও অন্যান্য সম্পদ রয়েছে সেই সকল সমবায় সমিতির নিরীক্ষা প্রতিবেদনে সম্পদের মালিকানা, রক্ষণাবেক্ষন, মূল্যায়ন ও নিষ্পত্তি সর্ম্পকে মন্তব্য অন্তর্ভূক্ত করতে হবে।

০২। নিরীক্ষা কর্মকর্তা/কর্মচারীগণ হিসাবপত্রের পূঙ্খানুপুঙ্খ পরীক্ষার মাধ্যমে সকল বিধি বর্হিভূত ব্যয়, হিসাবের কারচুপি, জালিয়াতি ও আত্মসাৎ এর ঘটনাবলী উদঘাটন নিশ্চিত করবেন এবং এ ধরনের ঘটনা উদঘাটিত হওয়া মাত্র তাৎক্ষণিকভাবে বিশেষ প্রতিবেদন দাখিল করবেন। সমিতির ভূলত্রুটি দূর করে কিভাবে সমিতির উন্নয়ন সম্ভব সেই বিষয়ে নিরীক্ষা প্রতিবেদনে সুনির্দিষ্ট অভিমতসহ নিরীক্ষা প্রতিবেদন পূর্ণাঙ্গ ও তথ্য সমৃদ্ হতে হবে।

০৩। নিরীক্ষা প্রতিবেদনে কোন প্রকার মিথ্যা ও বিধি বর্হিভূত তথ্য সন্নিবেশিত করা হলে সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। অগ্রাধিকার ভিত্তিতে সমবায় সমিতি সমূহের নিরীক্ষা সম্পাদন করতে হবে।

০৫। মাসিক রির্টানের সাথে অবশ্যই নিরীক্ষা প্রতিবেদন ও ব্যক্তিগত রির্টান দাখিল করতে হবে।

০৬। বদলিজনীত কারনে বদলিজনীত কর্মকর্তার অসমাপ্ত নিরীক্ষা স্থলাভিষিক্ত কর্মকর্তা/কর্মচারীগণের নামে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ হবে।

০৭। প্রকল্পভূক্ত সকল সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম প্রথম ত্রৈমাসিক প্রান্তিকের মধ্যে নিরীক্ষা সম্পাদন পূর্বক নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।

০৮। নিরীক্ষা প্রতিবেদনে সংশ্লিষ্ট সমিতির বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন সর্ম্পকে সুস্পষ্ট মতামত প্রদান করতে হবে।

০৯। নিরীক্ষা ম্যানুয়াল অনুযায়ী নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

১০। নিরীক্ষা কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক সমিতিতে নোটিশ প্রদান পূর্বক সমিতির কার্যালয়ে উপস্থিত হয়ে নিরীক্ষা সম্পাদন করতে হবে।

১১। নিরীক্ষা সম্পাদনের ১০(দশ) দিনের মধ্যে বাধ্যতামূলকভাবে নিরীক্ষা প্রতিবেদন সমিতিসহ সংশ্লিষ্ট উপজেলায় ও জেলা সমবায় কার্যালয়ে দাখিল নিশ্চিত করতে হবে।

১২। নিরীক্ষাবর্ষ অর্থাৎ মার্চ, ২০২৫ খ্রি. শেষ হবার পর কোন প্রকার নিরীক্ষা সম্পাদন করা যাবে না।

১৩। নিরীক্ষা সম্পাদনের ক্ষেত্রে ত্রৈমাসিক ক্যালেন্ডার অনুসরণ করতে হবে।

১৪। সমবায় সমিতি কর্তৃক যেকোন প্রকার সরকারি রাজস্ব প্রদান সংক্রান্ত ব্যয় নির্বাহ করা হলে আবশ্যিকভাবে নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপন করতে হবে।

১৫। উৎপাদনমূখী সমবায় সমিতির ক্ষেত্রে পণ্য উৎপাদনের তালিকা ও মূল্যমান সংযুক্ত করতে হবে।

১৬। মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে জলমহাল ইজারা সংক্রান্ত ব্যয় নির্বাহের ক্ষেত্রে সুস্পষ্ট বিনিয়োগের তথ্য উত্থাপন করতে হবে।

১৭। সমিতিতে সদস্য অর্ন্তভূক্তি ও বাতিলের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, বিধিমালা ও উপ-আইনের বিধান মোতাবেক সদস্য ভর্তি ও বাতিলের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে কিনা? সেবিষয়ে সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে।

১৮। ব্যক্তিগত রির্টানসহ নিরীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট উপজেলার মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ে দাখিল নিশ্চিত করতে হবে।

২৭.০৬.২৪

সংযুক্ত: এক প্রস্থ অডিট বরাদ্দ।

০১। জনাব ---------------------------------------------উপজেলা সমবায় অফিসার ও নিরীক্ষা কর্মকর্তা, ২০২৩-২০২৪ ---------------------------------------------কিশোরগঞ্জ।

০২। জনাব---------------------------------------------পরিদর্শক/ সরেজমিনে তদন্তকারী ও নিরীক্ষা কর্মকর্তা ,২০২৩-২০২৪, জেলা সমবায় কার্যালয়, কিশোরগঞ্জ।

০৩। জনাব ---------------------------------------------সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কিশোরগঞ্জ সদর/পাকুন্দিয়া/ভৈরব, কিশোরগঞ্জ।


শাহানারা হাসিন
জেলা সমবায় অফিসার(ভা:)
কিশোরগঞ্জ
ই-মেইল: dco.kishoreganj@coop.gov.bd


২৭/০৬/২৪

স্মারক নং.: ৪৭.৬১.৪৮০০.০০০.৩২.০০১.২২-৩১০(৩০)/১(১৪)

তারিখ: ২৭/০৬/২০২৪ খ্রি.

বিতরণ :

০১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ,ঢাকা। সদয় অবগতির জন্য।

০২। উপজেলা সমবায় অফিসার, ---------------------------------------------(সকল), কিশোরগঞ্জ । আপনি কর্তৃক অনুমোদিত সহকারী পরিদর্শকগণের নামে ২০২৩-২০২৪খ্রি. সনের নিরীক্ষা বরাদ্দ আদেশ বহাল রাখার জন্য বলা হলো।

০৩। অফিস কপি।

২৭.০৬.২৪

জেলা সমবায় অফিসার(ভা:)
কিশোরগঞ্জ

২৭/০৬/২৪

## হোসেনপুর উপজেলাধীন ২০২৩-২০২৪ খ্রিঃ সনের বিভাগীয় কাঁযকর প্রাথমিক সমবায় সমিতি সমূহের উপজেলা সমবায় অফিসারের নামে অডিট বরাদ্দের প্রস্তাবিত তালিকা।

| ক্র.নং | সমিতির নাম ও ঠিকানা | রেজি নং | তারিখ | বিগত অডিট অফিসার | সভাপতি ও সম্পাদকের মোবাইল নম্বর | প্রস্তাবিত অডিট অফিসার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | জনতা বাজার ইজি বাইক শ্রমজীবি সমবায় সমিতি লিঃ,উঃ পানান, গাংগাটিয়া, হোসেনপুর, কিশোরগঞ্জ। | ৮৪ | ১৭/০২/২০২০ | মো:শফিকুল ইসলাম উপজেলা সমবায় অফিসার হোসেনপুর,কিশোরগঞ্জ | সুরুজ ০১৭২৮৫৮১৭১৫ | মোহাম্মদ গোলাম মোর্শেদ মৃধা উপজেলা সমবায় অফিসার হোসেনপুর,কিশোরগঞ্জ | |
| ২ | লাখুহাটি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ,লাখুহাটি, গাংগাটিয়া,হোসেনপুর, কিশোরগঞ্জ। | ৪৭ | ৩১/০৫/২০১১ | রেবেকা সুলতানা পরিদর্শক জেলা সমবায় কার্যালয়,কিশোরগঞ্জ। | এনামুল হক ০১৭২৭৯৯৭২৫২ | ঐ | আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে |
| ৩ | আড়াইবাড়ীয়া ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ,আড়াইবাড়ীয়া, হোসেনপুর, হোসেনপুর, কিশোরগঞ্জ। | ১৬ | ০১/০৭/৪৫ | ফারজানা আক্তার সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, হোসেনপুর,কিশোরগঞ্জ | হুমায়ুন কবির ০১৭১৬৮৬৮৮১০ | ঐ | আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে |
| ৪ | হাজীপুর পোড়াবাড়ী পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, হাজীপুর, হাজীপুর, হোসেনপুর, কিশোরগঞ্জ। | ৪০ | ২৮/০৯/২০০৬ | ঐ | আকবর হোসেন ০১৭৪৬৭৬৫১১৬ | ঐ | |
| ৫ | গোবিন্দপুর ডিজিটাল সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ গোবিন্দপুর বাজার, গোবিন্দপুর, হোসেনপুর, কিশোরগঞ্জ। | ১০৫ | ২১/০১/২০১৬ | রেবেকা সুলতানা পরিদর্শক জেলা সমবায় কার্যালয়,কিশোরগঞ্জ। | লিটন সরকার ০১৯৬৯৪৭৫৫৭৭ | ঐ | আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে |
| ৬ | হরিশ্চন্দ্রপট্টি সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ, হরিশ্চন্দ্রপাটি, গাংগাটিয়া,হোসেনপুর, কিশোরগঞ্জ। | ০১ | ২৭/০১/২০১৫ | মো: শফিকুল ইসলাম,উপজেলা সমবায় অফিসার, হোসেনপুর,কিশোরগঞ্জ | শাহ আলম ০১৭৩৪৬৩৩৯৯৮ | ঐ | আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে |
| ৭ | নিরাহারগাতি সার্বিক গ্রাম উন্নয়ন সমঃ সঃ লিঃ, নিরাহারগাতি, হোসেনপুর,হোসেনপুর, কিশোরগঞ্জ। | ৩৫ | ১৮/০৫/২০১১ | রেবেকা সুলতানা পরিদর্শক জেলা সমবায় কার্যালয়,কিশোরগঞ্জ। | মজিবুর রহমান ০১৭১৩৫১৫৯০২ | ঐ | আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে |
| ৮ | বশিকুড়া সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ, বশিকুড়া, পুমদী, হোসেনপুর, কিশোরগঞ্জ। | ১২ | ২৪/০৪/২০১১ | ঐ | নজরুল হোসেন [illegible] | ঐ | |
| ০৯ | সোনার বাংলা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, পিতলগঞ্জ,হারেঞ্জা, হোসেনপুর , কিশোরগঞ্জ। | ১৫ | ১৮/০২/২০১৮ | ঐ | আশেক মাহমুদ সুজন ০১৯১৫৬১৯৬৫০ | ঐ | |

অনুমোদিত
২৭.০৬.২৪
শাহানারা হাসিন
জেলা সমবায় অফিসার (ভাঃ)
কিশোরগঞ্জ।

২৭/৬/২৪
মোহাম্মদ গোলাম মোর্শেদ মৃধা
উপজেলা সমবায় অফিসার
হোসেনপুর,কিশোরগঞ্জ